



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 4th Semester Examination, 2023

SEC1-P2-BENGALI

OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) ছোটগল্প কাকে বলে ? ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- (খ) ছোটগল্পের বিষয়বস্তুর বৈচিত্র্য সম্পর্কে সংক্ষেপে লেখো।
- (গ) কাব্যসৌন্দর্য বলতে কী বোঝো ? কাব্যসৌন্দর্য বিচারে কোন্ কোন্ বিষয়ের উপর লক্ষ্য রাখতে হয় ?
- (ঘ) তাৎক্ষণিক বক্তব্য বলতে কী বোঝো ?
- (ঙ) তাৎক্ষণিক বক্তব্য রচনার জন্য কোন্ কোন্ বিষয় লক্ষ্য রাখা জরুরি ?
- (চ) সংলাপ কাকে বলে ? সংলাপ রচনার কি নির্দিষ্ট কোনো বিষয় আছে — সে বিষয়ে নিজের অভিমত জানাও।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) ছোটগল্পের শুরু ও শেষ কেমন হওয়া উচিত ? এ বিষয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের অভিমত কী ?
- (খ) ছোটগল্পের আয়তন বিষয়ে সমালোচকদের মন্তব্যসহ নিজস্ব অভিমত ব্যক্ত করো।
- (গ) তাৎক্ষণিক বক্তব্যের সীমাবদ্ধতাগুলি উল্লেখ করে পর্যালোচনা করো।
- (ঘ) কাব্যসৌন্দর্য বিচারের প্রয়োজনীয়তা কোথায় ?
- (ঙ) চিত্রধর্মীতা বলতে কী বোঝো ? কাব্যসৌন্দর্য সৃষ্টিতে চিত্রধর্মীতার গুরুত্ব বুঝিয়ে দাও।
- (চ) কাব্যসৌন্দর্য বিচারের ক্ষেত্রে ছন্দ, অলংকার ও শব্দ বিন্যাসের গুরুত্ব আলোচনা করো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) তোমার দেখা কোনো একটি ঘটনাকে ভিত্তি করে একটি ছোটগল্প রচনা করো।
- (খ) 'বেকার সমস্যা' শিরোনামে একটি ছোটগল্প রচনা করো।
- (গ) তোমার মহাবিদ্যালয়ে রক্তদান শিবিরের উদ্দেশ্যে আয়োজিত একটি অনুষ্ঠানের জন্য তাৎক্ষণিক বক্তব্য রচনা করো।
- (ঘ) তোমার স্কুল জীবনে পাঠ্য যে-কোনো একটি কবিতার কাব্যসৌন্দর্য বিচার করো।

—x—